



## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক(সম্মান) প্রথম বর্ষ কোটায় ভর্তি সংক্রান্ত ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ২১.০৬.২০২৬ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৫.০৬.২০২৬ খ্রি. তারিখের ১০(২২৬) জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৬১২ নং স্মারকের বিজ্ঞপ্তি অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চট্টগ্রাম কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) কোর্সে প্রাথমিক আবেদনকারী শিক্ষার্থীদের মধ্যে যারা কোটা মেধা তালিকায় স্থান পেয়েছে(ফলাফলের ভিত্তিতে), তাদের ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে। কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের তাদের কোটার স্বপক্ষে প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্র নিয়ে আগামী ২৩.০৬.২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টার মধ্যে ভর্তি কমিটির আহ্বায়ক অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ কবির হোসেন (একাডেমিক ভবন-০৪ এর কক্ষ নম্বর : ৬০৪) এর নিকট সাক্ষাৎকার প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

**ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:**

- ১। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূলসনদ পত্র এবং ০৩ সেট ফটোকপি।
- ২। আদিবাসী / দৃষ্টি প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী কর্মকর্তা / উপজেলা সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র এবং ০৩ সেট ফটোকপি।
- ৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান ও সন্তানাদি পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে পোষ্য হিসেবে প্রমাণপত্র এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর থেকে পোষ্য হিসেবে মূল প্রত্যয়ন পত্র এবং ০৩ সেট ফটোকপি।
- ৪। জাতীয় বিশ্ববিদ্যালয়ের [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) → Honours → Applicant Log in → Application ID ও PIN দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণপূর্বক ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ৫। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে <http://ctgcollege.eshiksabd.com> লিংকে গিয়ে ইউজার আইডি: ctgstudent, পাসওয়ার্ড: ctgstudent লগইন করে admission ক্লিক করতে হবে। আগামী ২৩.০৬.২০২৬ এবং ২৪.০৬.২০২৬ খ্রি. পর্যন্ত অনলাইন ভর্তি ফরম সঠিকভাবে পূরণপূর্বক(আইসিটি অপশনে NO দিতে হবে) তা ডাউনলোড ও প্রিন্ট নিতে হবে।
- ৬। ভর্তি ফরমে উল্লেখিত ভর্তি ফি উপায়/বিকাশ/রকেট অ্যাপস এর মাধ্যমে ২৩.০৬.২০২৬ এবং ২৪.০৬.২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান	উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান	পদার্থবিজ্ঞান	রসায়নবিজ্ঞান	মনোবিজ্ঞান	গণিত	ভূগোল ও পরিবেশ		পরিসংখ্যান
						বিজ্ঞান	মানবিক	
৬১৩১.০০	৬৮৫৬.০০	৬৯৬৬.০০	৬৯৫৬.০০	৬৯৭৬.০০	৬৯৬৬.০০	৬৯১৬.০০	৬৯৭৬.০০	৬৯০৬.০০
দ্রষ্টব্য: অমুসলিম শিক্ষার্থীরা ৫০.০০ টাকা কম দিবে।								



-২-

ফি পরিশোধের নিয়মাবলী (ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য):

৪। উপায়/বিকাশ/রকেট অ্যাপস লগইন করতে হবে।

ক। বিকাশ/উপায়/রকেট অ্যাপসে এডুকেশন ফি(Education fee)-তে গিয়ে PAY BILL সিলেক্ট করতে হবে।

খ। কলেজ ট্যাপ করে Chittagong College সিলেক্ট করতে হবে এবং ভর্তি ফরমে Application ID ০৭ ডিজিটের নম্বরটি দিতে হবে।

গ। ফি-এর পরিমাণ চেক করে ফি পরিশোধ করার পর উপায় /বিকাশ/ রকেট অ্যাপস থেকে রশিদ ডাউনলোড করে ০৩ (তিন) কপি প্রিন্ট করতে হবে।

৫। ভর্তি ফি জমাদান পূর্বক স্ব স্ব বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দেওয়ার মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে (সরকারি ছুটির দিন ব্যতীত):

i. জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত আবেদন ফরম ও চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরমের হার্ড কপি

ii. প্রাথমিক আবেদন ফরমের কপি (যা শিক্ষার্থীর নিকট সংরক্ষিত আছে)

iii. এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাশের রেজিস্ট্রেশন কার্ড, নম্বর ফর্দ ও প্রশাংসাপত্রের ফটোকপি ০২ সেট

iv. এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাশের নম্বরপত্রের মূল কপি ১০×১৪ সাইজের বড় খামে বিভাগে জমা দিতে হবে

v. ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত ডিজিটাল রিসিটের ৩ (তিন) কপি

সংশ্লিষ্ট বিভাগের করণীয়:

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোটায় মেধাতালিকা অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তি করানোর অনুরোধ করা হল। ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিদিনের ভর্তি সংক্রান্ত তথ্য ঐ দিনই ফি যাচাইপূর্বক অনলাইনে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে এবং চূড়ান্ত ভর্তি নিশ্চায়নের প্রিন্ট আউট কপি ও ফি জমাদানের তালিকা আগামী ২৭.০৬.২০২৬ খ্রি. তারিখ দুপুর ০১:০০ টার মধ্যে অনার্স প্রথম বর্ষ(সম্মান:২০২৫-২০২৬) ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি-২০২৬ এর নিকট জমা দিতে হবে।

উল্লেখ্য, 'নিশ্চায়ন' সংক্রান্ত জটিলতার জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে।

প্রতি স্বাক্ষর

Mst. Md. 21-06-2026

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম।

Mst. Md. 21/06/26

Mst. Md. 21/06/26

(প্রফেসর মোঃ কবির হোসেন)

বিভাগীয় প্রধান, অর্থনীতি

ও

আহ্বায়ক

অনার্স প্রথম বর্ষ(২০২৫-২০২৬) ভর্তি  
পরীক্ষা কমিটি-২০২৬ পরিচালন কমিটি  
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।